

জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু শনিবার

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০১ নভেম্বর ২০১৯, ১৭:৪০

আপডেট: ০২ নভেম্বর ২০১৯, ১২:৩৮



সারা দেশে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল শনিবার। এবার এই দুই পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২৬ লাখ ৬১ হাজার ৬৮২ জন। এর মধ্যে জেএসসি পরীক্ষার্থী ২২ লাখ ৬০ হাজার ৭১৬ জন। মোট ২ হাজার ৯৮২টি কেন্দ্রে এই পরীক্ষা হবে।

২ নভেম্বর থেকে শুরু হচ্ছে জেএসসি ও জেডিসি পরীক্ষা।

প্রথম আলো ফাইল ছবি

ইতিমধ্যে পরীক্ষার যাবতীয় প্রস্তুতি শেষ করেছে শিক্ষা

বোর্ডগুলো। গত ২৯ অক্টোবর সংবাদ সম্মেলন করে পরীক্ষাসংক্রান্ত এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী দীপু মনি। সংবাদ সম্মেলনে প্রশ্নপত্র ফাঁস রোধে বিভিন্ন পদক্ষেপ নেওয়ার কথা জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষার কারণে ২৫ অক্টোবর থেকে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত দেশে সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। প্রশ্নপত্র ফাঁসসংক্রান্ত গুজবের ফাঁদে না পড়তে অভিভাবকদের প্রতি আহ্বান জানান শিক্ষামন্ত্রী।

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, পরীক্ষা চলাকালীন শিক্ষামন্ত্রী কাল ঢাকার অদূরে কেরানীগঞ্জের একটি কেন্দ্রে যাবেন। এর আগে শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, এবার নয় বরং আগামী বছর থেকে এই দুই পরীক্ষার ফলের সর্বোচ্চ সূচক জিপিএ-৫-এর পরিবর্তে জিপিএ-৪ হবে। এ লক্ষ্যে কাজ শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়।